# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির প্রাক্-নির্বাচনী পরীক্ষা-২০২১
বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা দ্বিতীয় পত্র (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৭০


১. 'ক' ব্যাংক দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষায় নিয়োজিত একটি আর্থিক প্রতিষ্ঠান। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দেওয়ায় ব্যাংকটি তার অধীনস্ত তালিকাভুক্ত ব্যাংকগুলোকে পূর্বের তুলনায় ১% জমা রাখার নির্দেশ দিয়েছে। যে সকল ব্যাংক এ নির্দেশ অমান্য করবে 'ক' ব্যাংক তাদেরকে আন্তঃ ব্যাংকিং দেনা পাওনা নিষ্পত্তির সুবিধা বন্ধ করে দেওয়ার ঘোষনা দিয়েছে।

(ক) মিশ্র ব্যাংকিং কি?
(খ) ঋণ আমানত সৃষ্টি বলতে কি বুঝ?
(গ) উদ্দীপকে 'ক' ব্যাংকটির সাথে বাংলাদেশের কোন ব্যাংকের মিল রয়েছে? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রনে 'ক' ব্যাংকের গৃহীত পদক্ষেপ কি কার্যকর হবে? ব্যাখ্যা কর।

২. সোনার বাংলা ব্যাংক চট্টগ্রামের জি.ই.সি শাখার মাধ্যমে দীর্ঘদিন যাবৎ গ্রাহকদের ব্যাংকিং সেবা প্রদান করছে। চট্রগ্রামের চকবাজার এলাকায় অনেক স্কুল, কলেজ এবং বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠায় সোনার বাংলা ব্যাংক গ্রাহকদের সুবিধার কথা বিবেচনা করে চকবাজার মোড়ে একটি শাখা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

(ক) খোলাবাজার নীতি কি?
(খ) 'ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে' - ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে 'সোনার বাংলা ব্যাংক' কার্যক্রমের ভিত্তিতে কোন ধরণের ব্যাংক?
(ঘ) সোনার বাংলা ব্যাংকের নতুন শাখা স্থাপনের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর।

৩. জনাব মাসুদ রানা নিম্নে বর্ণিত চেকটি জনাব জাহেদকে ব্যবসায়িক পাওনা নিষ্পত্তির জন্য প্রদান করে। জনাব জাহেদ চেকটি মে মাসের ২৬ তারিখে গোলাপ ব্যাংকে তার হিসাবে জমা করলে চেকটি প্রত্যাখ্যাত হয়।




(ক) অঙ্গীকারপত্র কি?
(খ) চেকের অনুমোদন বলতে কি বুঝ?
(গ) উদ্দীপকের চেকটি কোন ধরণের চেক? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকের চেকটির প্রত্যাখ্যাত হওয়া কি যৌক্তিক? তোমার মতামত বিশ্লেষণ কর।

৪. কর্ণফুলী কোম্পানি একটি আমদানিকারক প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানটি জাপানের সুমিটোমা কোম্পানি থেকে বিভিন্ন যন্ত্রাংশ এবং কাঁচামাল আমদানি করে। প্রতিবার আমদানির সময় কর্ণফুলী কোম্পানি ব্যাংক থেকে এক ধরণের নিশ্চয়তাপত্র সংগ্রহ করে সুমিটোমা কোম্পানি বরাবর পাঠিয়ে থাকে। সুমিটোমা কোম্পানি পণ্য রপ্তানির পর পাওনা আদায়ের জন্য একটি দলিল তৈরি করে কর্ণফুলী কোম্পানিকে প্রেরণ করে। কর্ণফুলী কোম্পানি উক্ত দলিলে স্বীকৃতি দিয়ে তা আবার সুমিটোমা কোম্পানিকে পাঠিয়ে দেয়।

(ক) বিহিত মুদ্রা কি?
(খ) চাহিদা ও যোগানের ভিত্তিতে কিভাবে বিনিময় হার নির্ধারিত হয়? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে কর্ণফুলী কোম্পানি ব্যাংক থেকে কোন দলিল সংগ্রহ করে? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকে সুমিটোমা কোম্পানি পাওনা আদায়ের জন্য যে দলিল ব্যবহার করে বৈদেশিক লেনদেন নিষ্পত্তিতে উক্ত দলিলের ভূমিকা মূল্যায়ন কর।

৫. জান্নাত ২০১৫ সালের শুরুতে আলফা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে মাসিক ২,০০০ টাকা প্রিমিয়াম প্রদানের ভিত্তিতে ৮ বছরের জন্য একটি বিমাচুক্তি করেন। ৮ বছর পর তিনি ৩,২০,০০০ টাকা পাবেন। তবে ৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে তিনি মৃত্যুবরণ করলে তার মনোনীত ব্যক্তি উক্ত অর্থ পাবেন। ৪ বছর পর জান্নাত আর্থিক সমস্যার কারণে বিমা কোম্পানিকে বিমাটি বন্ধ করে দেওয়ার আবেদন করেন এবং ১,৬০,০০০ টাকা দাবি করেন।

(ক) সাময়িক বিমা কি?
(খ) "জীবন বিমা নিশ্চয়তার চুক্তি, ক্ষতিপূরণের চুক্তি নয়" - ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে জান্নাত কোন ধরণের জীবন বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকে জান্নাতের দাবি কি যৌক্তিক? তোমার মতামত যুক্তিসহ বিশ্লেষণ কর।

৬. 'ক' ইন্স্যুরেন্স কোম্পানি বিমাচুক্তি করার পূর্বে নিম্নলিখিত ছকটি বিবেচনা করে থাকে।

| বছর | বিমাকৃত ব্যক্তিদের প্রত্যেকের বয়স | বিমাকৃত ব্যক্তিদের সংখ্যা | বার্ষিক মৃত্যুর সংখ্যা | জনপ্রতি মৃত্যুর হার | হাজার প্রতি মৃত্যুর হার |
|---|---|---|---|---|---|
| ১ | ৩৫ | ১০,০০০ | ১০০ | .০০১ | ১ |
| ২ | ৩৬ | ১০,০০০ | ২০০ | .০০২ | ২ |
| ৩ | ৩৭ | ১০,০০০ | ৩০০ | .০০৩ | ৩ |

(ক) জীবন বিমা কি?
(খ) মেয়াদি এবং সাময়িক জীবন বিমার মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের 'ক' ইন্স্যুরেন্স কোম্পানি কোন ধরণের বিমা কোম্পানি? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকের 'ক' ইন্স্যুরেন্স কোম্পানির বিমাচুক্তিতে প্রদত্ত ছকটির গুরুত্ব বর্ণনা কর।

৭. 'সোহরাব' নামের একটি জাহাজ ২০১৯ সালের ১লা নভেম্বর থেকে ৩০ নভেম্বর এর মধ্যে চট্টগ্রাম থেকে নিউইয়র্ক বন্দরে যাত্রার জন্য বিমা করা হয়। মধ্যপথে খারাপ আবহাওয়ার কারণে জাহাজটি ডুবে যাওয়ার উপক্রম হলে জাহাজের ক্যাপ্টেন কিছু পণ্য সাগরে ফেলে দেন।

(ক) পূর্ণ বিমা কি?
(খ) নৌ বিমার চারটি মূল বিষয়বস্তু ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে 'সোহরাব' নামের জাহাজের জন্য কোন ধরণের নৌ বিমাপত্র গ্রহণ করা হয়েছে? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকের জাহাজের ক্যাপ্টেনের কার্যক্রমের যৌক্তিকতা বিশ্লেষণ কর।

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির প্রাক্-নির্বাচনী পরীক্ষা-২০২১
বিষয় ঃ মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৫০

**নিচের সকল প্রশ্নের উত্তর দাও :**

১। আজহারের বয়স ১০ বছর। তার মামা একজন মনোবিজ্ঞানী। তিনি স্ট্যানফোর্ড বিনে স্কেল প্রয়োগ করে আজহারের বুদ্ধি পরিমাপ করেন। তিনি বিভিন্ন বয়সের প্রশ্ন আজহারকে সমাধান করতে দেন। স্কেলটিতে প্রত্যেক বয়সের ৬টি করে প্রশ্ন রয়েছে। আজহার ৯ বছরের সবগুলো প্রশ্নের উত্তর দিতে পেরেছে। ১০ বছরের চারটি এবং ১১ বছরের ২ টি প্রশ্নের উত্তর দিতে পেরেছে। ১২ ও ১৩ বছরের কোন প্রশ্নের উত্তর দিতে পারে নি।

(ক) বুদ্ধির সংজ্ঞা দাও। ১
(খ) বুদ্ধ্যংক বলতে কি বুঝ? ২
(গ) আজহারের বুদ্ধ্যংক নির্ণয় কর। ৩
(ঘ) ব্যক্তিভিত্তিক ও দলগত বুদ্ধি অভীক্ষার মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৪

২। নীলা, হিরা ও রিতা তিন বান্ধবী। তারা একসাথে স্কুলে যায়। নীলা স্কুলে যেতে খুব পছন্দ করে। সে শিক্ষকদের কথা মন দিয়ে শোনে এবং পড়াশুনায় অনেক ভাল। হিরা পড়াশুনায় মনোযোগী কিন্তু শিক্ষকদেও সে অনেক ভয় পায়। আর রীতা স্কুলে যেতে খুব বেশী পছন্দ করে না।

(ক) মনোভাবের সংজ্ঞা দাও। ১
(খ) মনোভাবের উপাদানগুলো ব্যাখ্যা কর। ২
(গ) নীলা, হিরা ও রীতার মনোভাব গঠনে কোন কোন উপাদান দায়ী বর্ণনা কর। ৩
(ঘ) তাদের মনোভাব গঠনে দুটি শিক্ষণ প্রক্রিয়া আলোচনা কর। ৪

৩। আমেরিকার শেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গদের মধ্যে দীর্ঘদিন প্রভু ভৃত্য সম্পর্ক থাকায় তাদের মধ্যে কৃষ্ণাঙ্গদেও ব্যাপারে পূর্বসংস্কার গড়ে উঠেছিল। শেতাঙ্গরা সাধারণত কৃষ্ণাঙ্গদের অলস, দায়িত্বহীন ও নেতৃত্বদানের অযোগ্য মনে করত। একসময় তারা কৃষ্ণাঙ্গদের ডিম দলভূক্ত বলে মনে করত।

(ক) পূর্বসংস্কার কি? ১
(খ) পূর্বসংস্কারকে পক্ষপাতদুষ্ট ধারণা বলা হয় কেন? ২
(গ) আমেরিকার শেতাঙ্গদের মধ্যে যে পূর্বসংস্কারের উদ্ভব ঘটেছে তার উৎসগুলো বর্ণনা কর। ৩
(ঘ) পূর্বসংস্কার হ্রাসের উপায়গুলো আলোচনা কর। ৪

৪। আদিবার বয়স পাঁচ বছর। সে বাসায় সবার অনেক আদরের। তাকে স্কুলে ভর্তি করানো হল। কিন্তু ক্লাসের ১ম দিন সে কেঁদে ফেলল। বাসায় সবাই তাকে অনেক বুঝালো। তার মা ক্লাসের পাশে দাড়িয়ে থাকল। কিছুদিনের মধ্যেই সে ক্লাসে সবার সাথে মিশে গেল এবং আনন্দেও সাথে স্কুলে যেতে লাগল।

(ক) সামাজিকীকরণ কি? ১
(খ) সামাজিকীকরণ প্রক্রিয়াগুলো কি কি? ২
(গ) আদিবার সামাজিকীকরণে যে কোন দুটি শিক্ষণ প্রক্রিয়ার বর্ণনা দাও। ৩
(ঘ) তার আচরণ পরিবর্তনে পরিবারের ভূমিকা আলোচনা কর। ৪

৫। উচ্চ মাধ্যমিক ১ম বর্ষের বার্ষিক পরীক্ষায় মনোবিজ্ঞান বিষয়ে ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। পরীক্ষায় মোট নম্বর ছিল ৭৫। শিক্ষার্থীরা নিম্ন প্রদত্ত নম্বর প্রাপ্ত হয়।

| প্রাপ্ত নম্বরের শ্রেণী | শিক্ষার্থী সংখ্যা |
|---|---|
| ৭১-৭৫ | ২ |
| ৬৬-৭০ | ৫ |
| ৬১-৬৫ | ১০ |
| ৫৬-৬০ | ১৫ |
| ৫১-৫৫ | ৯ |
| ৪৬-৫০ | ৬ |
| ৪১-৪৫ | ৩ |
| | N= ৫০ |

(ক) বিচ্যুতি কি? ১
(খ) অনুমান নির্ভর পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন? ২
(গ) উদ্দীপকের আলোকে বিচুতির উৎকৃষ্ট পরিমাপ নির্ণয় করো। ৩
(ঘ) উদ্দীপক প্রদত্ত বণ্টণের ভেদাংক নির্ণয় কর এবং বিচ্যুতির উৎকৃষ্ট পরিমাপের সাথে তুলনা কর। ৪

২৮/০১/২০২১

CHITTAGONG GOVT WOMEN'S COLLEGE CHITTAGONG

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির প্রাক্-নির্বাচনী পরীক্ষা-২০২১
বিষয় ঃ উদ্ভিদবিজ্ঞান (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৫০

নিচের সকল প্রশ্নের উত্তর দাও :


১। মালেক মিয়া তার আলু ক্ষেতে গাছের পাতায় মখমলের ন্যায় আস্তরণ ও দুর্গন্ধ লক্ষ্য করেন এবং ধান ক্ষেতের পাতায় ভেজা, লম্বা দাগ ও আঠালো রস দেখতে পান।


(ক) পুষ্প প্রতীক কী? ১
(খ) কোরালয়েড মূল বলতে কী বুঝ? ২
(গ) প্রথম রোগটির কারণসহ প্রতিকারের উপায় লিখ। ৩
(ঘ) দ্বিতীয় রোগটি মহামারী আকারে দেখা দিলে জনজীবনে কি কি বিপর্যয় আসতে পারে তা বিশ্লেষণ কর। ৪

২। উদ্ভিদ কোষের মধ্যে বিদ্যমান বিশেষ দুই প্রকার অঙ্গাণুর একটি শ্বসনিক কাজে এবং অন্যটি খাদ্য তৈরীতে অংশ গ্রহণ করে।

(ক) ভিরিয়ন কী? ১
(খ) জেনেটিক কোড বলতে কী বুঝ? ২
(গ) উদ্দীপকের প্রথম অঙ্গাণুটির চিত্রসহ গঠন বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকের দ্বিতীয় অঙ্গাণুটি কিভাবে জীবজগতের অস্তিত্ব টিকিয়ে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা বিশ্লেষণ কর। ৪


৩।





(ক) কো-এনজাইম কী? ১
(খ) জেনেটিক কোড বলতে কী বুঝ? ২
(গ) উদ্দীপকের ‘A’ এর অনুরূপ অণু সৃষ্টির প্রক্রিয়া বর্ণনা কর। ৩
(ঘ) বৈশিষ্ট্য প্রকাশে উদ্দীপকে উল্লিখিত ‘B’ এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪।




(ক) জীবজগতের সবচেয়ে গুরুত্বপূর্ণ এনজাইম কোনটি? ১
(খ) লিপিডের কাজ লিখ। ২
(গ) উদ্দীপকে উল্লিখিত U ও V এর পারস্পরিক পরিবর্তনে শারীরতাত্ত্বিক পদ্ধতির একটি আধুনিক মতবাদ বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকের ক্ষুদ্রাঙ্গটির মাধ্যমে উদ্ভিদেও গুরুত্বপূর্ণ জৈবনিক কার্যসমূহ সম্পাদিত হয় বিশ্লেষণ কর। ৪

৫। A : ইক্ষু ও ভুট্টা
B : আম ও কাঁঠাল

(ক) লিমিটিং ফ্যাক্টর কী? ১
(খ) খনিজ লবণ পরিশোষণ সাধারণত সক্রিয় প্রক্রিয়ায় ঘটে কেন? ২
(গ) A এর উদ্ভিদসমূহ যে প্রক্রিয়ায় খাদ্য তৈরি করে তা রেখাচিত্রের মাধ্যমে উপস্থাপন কর। ৩
(ঘ) উদ্দীপক A এবং উদ্দীপকে B এর উদ্ভিদসমূহের খাদ্য তৈরির প্রক্রিয়ার মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪